কতিপয় আলেম ও তালিবুল ইলমের

বিরল ও বিস্ময়কর সংশয়

শায়খ খালিদ আল হুসাইনান রহ.

عجائب وغرائب

في واقع بعض طلبة العلم

بقلم الشيخ

[أبي زيد الكويتي]

خالد بن عبدالرحمن الحسينان

– رحمه الله –

مركز الفجر للإعلام

رجب1432هـ ~ 6/ 2011م

বিসমিল্লাহির রহমানির রহিম

সমস্ত প্রশংসা বিশ্ব জাহানের প্রতিপালক আল্লাহ তা'আলার জন্য। রহমত ও শান্তি বর্ষিত হোক আমাদের নাবী মুহাম্মাদ ﷺ, তাঁর পরিবারবর্গ ও তার সাহাবীদের উপর।

এ কথাগুলো কিছু গবেষণা, নির্দেশনা, জিজ্ঞাসা ও আমার অন্তরের চিন্তা-ভাবনার ফসল, যা আমার বন্ধু ও ছাত্রদের উদ্দেশ্যে ব্যক্ত করা প্রয়োজন মনে করি। তাদের উদ্দেশ্যে উপহার যাদের সাথে পঁচিশ বছর যাবৎকাল অতিবাহিত করেছি। তাদের মঙ্গল কামনা এবং তাদের প্রতি মমতা ও ভালোবাসা স্বরূপ।

কেন নয়? আল্লাহ তা'আলা নির্দেশ দিয়েছেন পরস্পর ধৈর্য্য, দয়া ও হকের ওসিয়ত করতে। যেমন

আল্লাহ তা'আলা বলেনঃ

وَتَوَاصَوْا بِالصَّبْرِ وَتَوَاصَوْا بِالْمَرْحَمَةِ

আর তোমরা পরস্পর ধৈর্য্য ও দয়ার অসিয়ত কর।

আর কত বারই না তিনি বলেছেন,

وَتَوَاصَوْا بِالصَّبْرِ وَتَوَاصَوْا بِالْمَرْحَمَةِ

"তোমরা পরস্পর হকের ও ধৈর্য্যের অসিয়ত কর।" (সূরা আসর)

তাই আমাদের মধ্যে রয়েছে পারস্পরিক দয়া মায়া আর অন্যের মঙ্গল কামনার অসিয়তের সম্পর্ক। জেনে রাখুন, আল্লাহ তা'আলা আপনার উপর দয়া করুন! যখনই আপনি জিহাদে বের হওয়ার জন্য নিয়ত করবেন, তখনই শয়তান তার বাহিনীসহ সকল প্রকারের ওয়াসওয়াসা ও ষড়যন্ত্র শুরু করে দেয়। আপনাকে জিহাদ থেকে বিরত রাখার জন্য।

আল্লাহ তা'আলা ইরশাদ করেনঃ

وَكَانَ الشَّيْطَانُ لِلإِنْسَانِ خَذُولا

"আর শয়তান মানুষকে বঞ্চিত রাখে"

অর্থাৎ তাকে হক থেকে ফিরিয়ে রাখে এবং বাতিলের কাজে ব্যবহার করে ও সেদিকে আহ্বান করে।"

যেমন নাসায়ী শরীফে ও অন্যান্য কিতাবে বর্ণিত আছে, হযরত সাবুরা ইবনে আবু ফাকেহ হতে বর্ণিত, তিনি বলেন, আমি **রসূলুল্লাহ ﷺ হতে শুনেছি, তিনি ইরশাদ করেছেন,**

> *"শয়তান বনী আদমের সকল রাস্তায় ওঁৎ পেতে থাকে, কেউ ইসলাম গ্রহণ করতে চাইলে বাধা হয়ে দাঁড়ায় এবং বলে, তুমি ইসলাম গ্রহণ করবে, আর তোমার ও তোমার বাপ-দাদার ধর্মকে ছেড়ে দিবে? তখন সে তার কথা অমান্য করে ও ইসলাম গ্রহণ করে।*

অতপর শয়তান তার হিজরতের পথে ওঁৎ পেতে থাকে এবং বলে আরে তুমি হিজরত করে তোমার দেশ ও বাসস্থান ত্যাগ করবে, আর তুমি তো জান হিজরতকারী ব্যক্তির উদাহারণ হচ্ছে, ঐ ঘোড়ার ন্যায় যেটি দীর্ঘ সময় চলতেই থাকে। কিন্তু সে শয়তানের কথা অমান্য করে হিজরত করে।

অতপর শয়তান তার জিহাদের পথে ওঁৎ পেতে থাকে এবং বলে তুমি জিহাদ করবে? জিহাদ হচ্ছে জান ও মালের কুরবানী! তাতে তুমি লড়াই করে নিহত হয়ে যাবে আর তোমার স্ত্রীর অন্যত্র বিবাহ হয়ে যাবে! তোমার সম্পদ বন্টন হয়ে যাবে! কিন্তু সে ব্যক্তি শয়তানের কথা অমান্য করে জিহাদে বের হয়ে যায়।"

অত:পর রসূল ﷺ বলেন,

"যে ব্যক্তি অনুরূপ করল, তাকে জান্নাতে প্রবেশ করানো আল্লাহ তা'আলার দায়িত্ব। সে যদি নিহত (শহীদ) হয়, তাকে জান্নাতে প্রবেশ করানো আল্লাহ তা'আলার দায়িত্ব।

সে যদি পানিতে ডুবে নিহত হয়, তাকে জান্নাতে প্রবেশ করানো আল্লাহ তা'আলার দায়িত্ব। অথবা যাকে তার সওয়ারী ফেলে দেয়, এতে সে নিহত হয়, তাকেও জান্নাতে প্রবেশ করানো আল্লাহ তা'আলার দায়িত্ব।"

অতএব, চিন্তা করুন কিভাবে নাবী করিম ﷺ শয়তানের চক্রান্ত ও কৌশলের কথা জানিয়ে দিয়েছেন যে, সে ইসলাম, হিজরত ও জিহাদ থেকে মানুষকে ফিরিয়ে রাখে।

তাই তার ধোঁকায় পড়া ও তার কথা অনুযায়ী আমল করা থেকে সতর্ক থাকো, অন্যথায় তুমি শয়তানের ওলি হয়ে যাবে। জেনে রেখো, আল্লাহ তা'আলা কারো হক নষ্ট করেন না। তাই তুমি যেন বঞ্চিত না হও।

আশ্চর্য কথা যে, অনেক শিক্ষার্থী যখন শুনে, কোন ব্যক্তি জিহাদ ব্যতিত অন্য কোন ভাল কাজ করার ইচ্ছা পোষণ করে তখন সে তাকে বাধা দেয় না বিরতও রাখে না।

কিন্তু যখন কেউ জিহাদের কাজে এগিয়ে যায় এবং কুফফারদের সাথে লড়াই করতে চায়.. যেটি সর্বোত্তম ইবাদত (যেমনটা সত্য নাবী ﷺ বলেছেন), তখন সে তাকে তা হতে ফিরিয়ে রাখতে চায় এবং যেকোন উপায়ে বাধা দেয়। তাহলে এটা আল্লাহ তা'আলার রাস্তায় জিহাদের ইবাদাতকে অপছন্দ করা ও তার সাথে শত্রুতা ব্যতিত আর কি?

আল্লাহ তা'আলা ইরশাদ করেন,

فَرِحَ الْمُخَلَّفُونَ بِمَقْعَدِهِمْ خِلافَ رَسُولِ اللَّهِ وَكَرِهُوا أَنْ يُجَاهِدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ وَقَالُوا لا تَنْفِرُوا فِي الْحَرِّ قُلْ نَارُ جَهَنَّمَ أَشَدُّ حَرًّا لَوْ كَانُوا يَفْقَهُونَ * فَلْيَضْحَكُوا قَلِيلا وَلْيَبْكُوا كَثِيرًا جَزَاءً بِمَا كَانُوا يَكْسِبُونَ

"যারা রসূল ﷺ এর বিরোধিতা করে জিহাদে না গিয়ে ঘরে বসে ছিল তারা খুশি এবং তারা আল্লাহ তা'আলার রাস্তায় জান-মাল দিয়ে লড়াই করতে অপছন্দ করে।

আর তারা বলে- তোমরা এই গরমে বের হয়ো না। হে নাবী আপনি বলে দিন, জাহান্নামের আগুন আরো বেশি উত্তপ্ত, যদি তারা বুঝত। অতএব-তারা অল্প হেসে নিক, অত:পর বেশি কাঁদবে। তারা যা উপার্যন করেছে, তারই প্রতিদান স্বরূপ।"

আল্লামা সাদি (রহঃ) বলেন,

"আল্লাহ তা'আলা এ আয়াতের মাধ্যমে বুঝিয়ে দিলেন যে, জিহাদ থেকে পিছিয়ে থেকে আনন্দ প্রকাশ করা ও জিহাদের ব্যাপারে পরোয়া না করাই, মুনাফিকদের ঈমান না থাকা ও ঈমানের উপর কুফরকে প্রাধান্য দেওয়ার প্রমাণ।

রসূল ﷺ এর বিরোধিতা করে জিহাদ বিমুখ হয়ে আনন্দিত হওয়া! এতে জিহাদে বের না হওয়ার সাথে আরেকটি বিষয় যুক্ত হলো, তা হচ্ছে আনন্দিত হওয়া ও হারামের প্রতি সন্তুষ্টি প্রকাশ করা, যা অত্যন্ত গর্হিত কাজ।"

মুনাফিকরা আল্লাহ তা'আলার রাস্তায় জান মাল দিয়ে জিহাদ করাকে অপছন্দ করে। এটা মুমিনদের স্বভাবের বিপরীত। কেননা মুমিনগণ কোন কারণ বশত পিছিয়ে থাকলেও তাতে চিন্তিত হন এবং চরমভাবে দুঃখিত হন। মুমিনগণ আল্লাহর রাস্তায় জান মাল দিয়ে জিহাদ করতে ভালবাসেন।

কেননা তাদের অন্তরে রয়েছে প্রগাঢ় ঈমান। আর তারা আল্লাহ তা'আলার অনুগ্রহ, প্রতিদান ইত্যাদির আশা করে। অপরদিকে মুনাফিকরা বলে, তোমরা গরমে বের হয়ো না। অর্থাৎ গরমে বের হওয়া অনেক কষ্টকর। তারা সাময়িক প্রশান্তিকে চিরস্থায়ী আনন্দের উপর প্রাধান্য দিয়েছে।

হে মুসলিম ভাই, কেন তারা তোমাকে বাধা দেয় ও ফিরিয়ে রাখে, যখন তুমি জিহাদে বের হওয়ার ইচ্ছা পোষণ করো? এর কারণ ও রহস্য কি?

আল্লাহ তা'আলা ইরশাদ করেন,

قَدْ يَعْلَمُ اللَّهُ الْمُعَوِّقِينَ مِنْكُمْ وَالْقَائِلِينَ لِإِخْوَانِهِمْ هَلُمَّ إِلَيْنَا وَلا يَأْتُونَ الْبَأْسَ إِلا قَلِيلا

"নিশ্চয় আল্লাহ তা'আলা তাদের ব্যাপারে জানেন, যারা তোমাদেরকে জিহাদ থেকে ফিরিয়ে রাখে। তারা তাদের বন্ধুদেরকে বলে, তোমরা আমাদের সাথে থাক। তারা নিজেরাও জিহাদে বের হয় না, তবে খুব কম।"

ইমাম তাবারী (রহিঃ) বলেন,

قد يعلم الله الذين يعوّقون الناس منكم عن رسول الله صلى الله عليه وسلم فيصدّونهم عنه، وعن شهود الحرب معه، **نفاقاً منهم، وتخذيلاً** عن الإسلام وأهله (والقائِلِينَ لإخْوَانِهِمْ هَلُمَّ إلَيْنا) : أي تعالوا إلينا، ودعوا محمدا، فلا تشهدوا معه مشهده، فإنا نخاف عليكم الهلاك بهلاكه (وَلا يَأْتُونَ البأْسَ إلا قَلِيلا) يقول: ولا يشهدون الحرب والقتال إن شهدوا إلا تعذيرا.انتهى

“আল্লাহ তা’আলা ভালভাবেই জানেন, যারা লোকদেরকে রসূল ﷺ থেকে ফিরিয়ে রাখে ও তার সাথে জিহাদে শরীক হওয়া থেকে বাধা দেয়। এটা তাদের নিফাকের কারণে এবং ইসলাম ও মুসলিমদেরকে বঞ্চিত করার উদ্দেশ্যে।

“এবং যারা তাদের ভাইদেরকে বলে: আমাদের কাছে আস।” অর্থাৎ আমাদের সাথে থাক ও মুহাম্মদকে ﷺ ছাড়। তাঁর সাথে জিহাদে শরীক হয়ো না। কেননা আমরা তোমাদের ব্যাপারে আশঙ্কা করছি, হয়ত তারা ধ্বংস হয়ে গেলে তোমরাও শেষ হয়ে যাবে।

‘আর তারা নিজেরাও জিহাদে শরীক হয় না, তবে খুব অল্প’ অর্থাৎ তারা জিহাদে বের হয়ই না, যদিও শরীক হয়, তবে ভিন্ন কারণে।”

আশ্চর্য্যজনক বিষয়ের মধ্যে আরেকটি হলো, অনেক শিক্ষার্থী যখন দেখে কোন ব্যক্তি জিহাদের ফজিলত সম্পর্কে আলোচনা করছে, তখন সে খুব রাগান্বিত হয়, তার চেহারার রং বদলে যায়, রগগুলো ফুলে যায়, যেন তাকে সাপে দংশন করেছে! আর তাকে বলে তুমি কেন ইলম ও উলামাদের ফজিলত সম্পর্কে বয়ান করছো না।

আর যদি কোন ব্যক্তি ইলমের ফজিলত সম্পর্কে আলোচনা করে তখন তাকে অপছন্দ করে না এবং এ কথাও বলে না যে কেন তুমি জিহাদ ও শাহাদাতের ফজিলত সম্পর্কে বয়ান করছো না!

কেন দু’টি ইবাদাতের মধ্যে এই পার্থক্য,? অথচ উভয় বিষয়েই কোরআন ও হাদীসে বর্ণনা রয়েছে! তুমি তোমার অন্তরকে প্রশ্ন কর এবং দেখ সেখানে কী সমস্যা রয়েছে।

তুমি কি জানো? অধিকাংশ আয়াত ও হাদীস নামায ও জিহাদের ব্যাপারে বর্ণিত হয়েছে।

শায়খুল ইসলাম ইমাম ইবনে তাইমিয়া রাহিমাহুল্লাহ বলেন,

أكثر الآيات والأحاديث النبوية في الصلاة والجهاد

অধিকাংশ আয়াত ও হাদীস নামাজ ও জিহাদ সম্পর্কিত।

নাবী করিম ﷺ যখন কোন রোগীকে দেখতেন তখন এই দোয়াটি বলতেন,

اللهم اشف عبدك يشهد لك صلاة ؛ وينكأ لك عدوا

“হে আল্লাহ তুমি তোমার বান্দাকে আরোগ্য দান কর, যাতে সে তোমার জন্য নামাজে শরীক হতে পারে এবং তোমার শত্রুদের সাথে লড়াই করতে পারে।”

নাবী করিম ﷺ আরো বলেন,

رأس الأمر الإسلام وعموده الصلاة وذروة سنامه الجهاد في سبيل الله

“যাবতীয় কাজের মূল হচ্ছে ইসলাম। এর খুটি হচ্ছে নামাজ। আর এর সর্বোচ্চ চূড়া হচ্ছে জিহাদ।”

আরেকটি আশ্চর্য বিষয় হচ্ছে, অনেক শিক্ষার্থী, যখন কোন বুজুর্গের কারামত শুনে তখন আনন্দিত হয় এবং এটা আলোচনা করে বেড়ায়। কিন্তু যখন কোন মুজাহিদের কারামত সম্পর্কে বা শহীদের কারামত সম্পর্কে কিছু শুনে তখন তা অপছন্দ করে, তা প্রচার করে না।

সেটাকে ওলীদের কিছু কিছু কল্প-কাহিনীর মত কুসংস্কার মনে করে।

কেন এই পার্থক্য!? অথচ তারা সকলেই তো আল্লাহর ওলি!

তুমি কি জানো, শহীদগণ সর্বোচ্চ স্তরের ওলীদের মর্যাদা লাভ করেন?

ইমাম ইবনুল কায়্যিম (রহিঃ) বলেন,

> أن الشهادة عنده من أعلى مراتب أوليائه والشهداء هم خواصه والمقربون من عباده وليس بعد درجة الصديقية إلا الشهادة وهو سبحانه يحب أن يتخذ من عباده شهداء تراق دماؤهم في محبته ومرضاته ويؤثرون رضاه ومحابه على نفوسهم ولا سبيل إلى نيل هذه الدرجة إلا بتقدير الأسباب المفضية إليها من تسليط العدو .انتهى

> "নিশ্চয় শহীদগণকে সর্বোচ্চ ওলির মর্যাদা দেওয়া হয়েছে। আর তারা আল্লাহ তা'আলার বিশেষ নৈকট্যশীল বান্দা। সিদ্দিকগণের পরের মর্যাদা হচ্ছে শহীদগণের।
>
> আল্লাহ তা'আলা ঐ সকল শহীদগণকে ভালবাসেন, যারা তার মহব্বত ও সন্তুষ্টির উদ্দেশ্যে রক্ত প্রবাহিত করে। নিজ জানের উপরও তার ভালোবাসাকে প্রধান্য দেয়। একমাত্র সর্বশক্তি দিয়ে শত্রুর বিরুদ্ধে মোকাবেলা করা ছাড়া এ মর্যাদা পাওয়ার কোন পথ নেই।"

আরো যে সকল রোগ ছড়িয়ে আছে শিক্ষার্থীদের মাঝে তা হচ্ছে, তারা মুজাহিদদের ত্রুটি-বিচ্যুতির কথা শুনতে পেলে আনন্দিত হয়। যেন এটা তাদের বসে থাকার নীতিকে আরো বেশি শক্তিশালী করে। আর মনে মনে এ ধরনের বিপদে পড়া থেকে আশ্রয় প্রার্থনা করে।

মুজাহিদগণের খবরাখবর নিতে থাকে, যেন তাদের বিপদে খুশি হতে পারে। আর তার বের না হওয়ার নীতি এবং পরিণতির ব্যাপারে তার সঠিক!! দৃষ্টিভঙ্গি আরো বেশি মজবুত হয়।

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা তা'আলা বলেন:

"যে ব্যক্তি কৃপণতা করল সে নিজের সাথেই কৃপণতা করল।"

অর্থাৎ এর কুফল সে নিজেই ভোগ করবে।

"আল্লাহ কারো মুখাপেক্ষী নন, তোমরা তার মুখাপেক্ষী। তোমরা যদি মুখ ফিরিয়ে নাও, তবে তিনি তোমাদের পরিবর্তে আরেকটি জাতিকে আনায়ন করবেন, যারা তোমাদের মত হবে না।"

অপরদিকে তুমি দেখতে পাবে, মুজহিদদের বিজয় সংবাদ শুনলে তারা আনন্দিত হয় না। তবে কোনো মুজাহিদের জন্যও জায়েজ হবে না কোন আলেমের ভুল হলে আনন্দিত হওয়া। বরং সকলের করণীয় হল, পরস্পরের মধ্যে ভালোবাসা ও দয়ার সম্পর্ক সৃষ্টি করা। কেননা সকল মুমিনগণ একটি শরীরের ন্যয়।

আরেকটি রোগ, যা ছড়িয়ে আছে শিক্ষার্থীদের মাঝে, যা সত্যিকারার্থেই বেদনাদায়ক, তা হলো, যখন তারা জিহাদে যাওয়ার পথে কোন প্রতিবন্ধকতা বা ওযর দেখতে পায়, তখন খুশি হয়। চাই তা কোন আলেমের ফতোয়ার মাধ্যমে হোক বা কোন জিহাদী বইয়ের খণ্ডন থেকে হোক।

অথচ সাহাবাগণ (রাঃ) জিহাদের পথে কোন বাধা আসলে দু:খিত হতেন ও ক্রন্দন করতেন।

কতই না ব্যবধান আমাদের মাঝে ও সাহাবাদের মাঝে। সাহাবা রিদওয়ানুল্লাহি আলাইহিম আজমাঈনের ছিল জিহাদের প্রতি ভালোবাসা, আকর্ষণ ও প্রবল আগ্রহ। অপরদিকে আমরা জিহাদে বের না হওয়ার যত বাহানা তালাশ করি। লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ।

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা বলেন:

فَرِحَ الْمُخَلَّفُونَ بِمَقْعَدِهِمْ خِلافَ رَسُولِ اللَّهِ وَكَرِهُوا أَنْ يُجَاهِدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ وَقَالُوا لا تَنْفِرُوا فِي الْحَرِّ قُلْ نَارُ جَهَنَّمَ أَشَدُّ حَرًّا لَوْ كَانُوا يَفْقَهُونَ * فَلْيَضْحَكُوا قَلِيلا وَلْيَبْكُوا كَثِيرًا جَزَاءً بِمَا كَانُوا يَكْسِبُونَ

"পশ্চাতে অবস্থানকারীরা আল্লাহর রসূলের বিরোধিতা করত: পশ্চাতে বসে থেকে আনন্দিত এবং তারা নিজেদের জান মাল দিয়ে আল্লাহর পথে যুদ্ধ করতে অপছন্দ করে।

আর বলে: তোমরা গরমের মধ্যে বের হয়ো না। তুমি বল: জাহান্নামের আগুন এর চেয়ে গরম, যদি তারা বুঝত। তাই তারা সামান্য হেসে নিক, অত:পর অধিক পরিমাণে কাঁদবে। এটা তাদের অর্জিত আমলের প্রতিফলস্বরূপ।"

শায়খ সা'দী বলেন:

> আল্লাহ তা'আলা, পশ্চাতে অবস্থান করে মুনাফিকদের উৎফুল্ল হওয়া ও এ ব্যাপারে তাদের পরওয়ানহীন হওয়ার বিষয়টি স্পষ্ট করেছেন। যা তাদের ঈমান না থাকা ও ঈমানের উপর কুফরকে প্রাধন্য দেওয়া প্রমাণ করে।

"পশ্চাতে অবস্থানকারীরা আল্লাহর রসূলের বিরোধিতা করত: পশ্চাতে বসে থেকে আনন্দিত"- এটা হচ্ছে, পশ্চাতে বসে থাকার উপর অতিরিক্ত বিষয়। কারণ এই পশ্চাতে বসে থাকা একটি হারাম কাজ। আর তার উপর অতিরিক্ত হল গুনাহের কাজে সন্তুষ্ট হওয়া।

“এবং তারা নিজেদের জান মাল দিয়ে আল্লাহর পথে যুদ্ধ করতে অপছন্দ করে।”- এটা হল মুমিনদের অবস্থার বিপরীত। মুমিনগণ কোন ওযরের কারণে যদিও পশ্চাতে থাকে, কিন্তু তারা এর কারণে দু:খিত হয় এবং সীমাহীন আফসোস করে। আর জান মাল দিয়ে আল্লাহর পথে জিহাদ করাকেই ভালবাসে। কারণ তাদের অন্তরে ঈমান রয়েছে এবং তারা আল্লাহর অনুগ্রহ ও দয়া কামনা করে।

“তারা (মুনাফিকরা) বলে: তোমরা গরমের মধ্যে বের হয়ো না” অর্থাৎ গরমের কারণে আমাদের জন্য বের হওয়া কষ্টকর। তারা অস্থায়ী সীমিত আরামকে স্থায়ী পূর্ণাঙ্গ আরামের উপর প্রাধান্য দেয়।

আল্লাহ তা'আলা জিহাদের ব্যাপারে সাহাবাদের (রাঃ) অবস্থা নিয়ে আমাদেরকে খবর দিয়েছেন।

যখন তাদের কেউ ওযরের কারণে বের হতে পারতেন না তখন তাদের কি অবস্থা হত?!

আল্লাহ তা'আলা ইরশাদ করেনঃ

وَلا عَلَى الَّذِينَ إِذَا مَا أَتَوْكَ لِتَحْمِلَهُمْ قُلْتَ لا أَجِدُ مَا أَحْمِلُكُمْ عَلَيْهِ تَوَلَّوْا وَأَعْيُنُهُمْ تَفِيضُ مِنَ الدَّمْعِ حَزَنًا أَلا يَجِدُوا مَا يُنْفِقُونَ

“তাদের প্রতিও কোন অভিযোগ নেই, যারা তোমার নিকট বাহন চাইতে আসার পর তুমি বলেছ, আমি তোমাদেরকে দেওয়ার মত কোন বাহন পাচ্ছি না।

আর তখন তারা এমন অবস্থায় ফিরে যায় যে, তাদের চক্ষু হতে অশ্রু গড়িয়ে পড়তে থাকে, এই অনুতাপে যে, তারা ব্যয় করার মত কিছু পাচ্ছে না।”

আরেকটি বিস্ময়কর ব্যাপার এই যে, অনেক শিক্ষার্থী এমন রয়েছে, যারা মুজহিদগণের ভুলের কথা শুনে নিজেদেরকে জিহাদের ফজিলত হতে বঞ্চিত রেখেছে।

সে কি কখনো নিজেকে একথা জিজ্ঞেস করেছে যে, যখন খালেদ বিন ওয়ালিদ (রাঃ) বনু খুজাইমা গোত্রের উপর আক্রমন করেছিলেন, তখন সে উপস্থিত থাকলে খালেদ (রাঃ)এর সাথে বের হত কি না?

অথবা অনেক আলেম মাসায়েলের ক্ষেত্রে ভুল করলে কি সে একারণে ইলম থেকে নিজেকে মাহরুম রাখবে? কোন বিবেকবান ব্যক্তিই তো এরূপ করবে না।

আরেকটি আশ্চর্যজনক বিষয় হচ্ছে, অনেক শিক্ষার্থী এজন্য জিহাদের ফজিলত হতে বঞ্চিত থাকে যে, সে যে শায়খের নিকট দরস নিয়েছে, তিনি কখনো জিহাদে বের হননি। কিন্তু তিনি ভুলে গেছেন যে, তার ইমাম নাবী মুহাম্মাদ ﷺ জিহাদে বের হতেন। আল্লাহ তা'আলা কুরআনুল কারীমে নাবী করিম ﷺ সম্পর্কে বলেন,

لَكِنِ الرَّسُولُ وَالَّذِينَ آمَنُوا مَعَهُ جَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ وَأُولَئِكَ لَهُمُ الْخَيْرَاتُ وَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُونَ

“কিন্তু রসূল ও যারা তার সাথে ঈমান এনেছে, তারা জান-মাল দিয়ে জিহাদ করে। আর ঐ সকল লোকদের জন্যই রয়েছে সর্ব প্রকার কল্যাণ এবং তারাই সফলকাম।”

এটা কি বুদ্ধির কথা যে, কোন মুসলিম নিজেকে ইবাদত ও নেক আমল থেকে বঞ্চিত রাখবে এই কারণে যে, তার উস্তাদ সেই আমলটি করেনি।

তোমার শায়খই কি তোমার অন্তরে রসূলুল্লাহ ﷺ থেকে অধিক মর্যাদাবান? আল্লাহ তা'আলা তো তোমাকে শুধু নাবী ﷺ এর আনুগত্যের ব্যাপারে জিজ্ঞেস করবেন!

আল্লাহ তা'আলা ইরশাদ করেনঃ

وَيَوْمَ يُنَادِيهِمْ فَيَقُولُ مَاذَا أَجَبْتُمُ الْمُرْسَلِينَ

“সেদিন তিনি তাদেরকে ডেকে বলবেন, তোমরা রসূলদের আহ্বানে কি উত্তর দিয়ছিলে?”

আরেকটি আশ্চর্যজনক বিষয় ও শয়তানের ধোঁকা হচ্ছে, অনেক শিক্ষার্থী, যখন কোন ব্যক্তিকে জিহাদে বের হতে দেখে, তখন তাকে বলে শহিদের মর্যাদার চেয়ে সিদ্দিকগণের মর্যাদা উপরে।

এর উত্তরে বলে দিনঃ

১. কোন সাহাবা (রাঃ) কি সিদ্দিকগণের মর্যাদা শহীদদের চেয়ে বেশী, এ যুক্তিতে জিহাদ ছেড়ে দিয়েছেন?

২. সে কি আগে থেকে জানতে পেরেছে যে, তার সিদ্দিকগণের মর্যাদা লাভ হয়েছে? তার কি আল্লাহর পক্ষ থেকে কোন গ্যারান্টি আছে?

৩. কেউ কি নিজেকে যথেষ্ট মনে করে একথা বলতে পারবে যে, সিদ্দিকগণের মর্যাদায় সে পৌঁছে গেছে, তাই তার জিহাদে বের হওয়ার প্রয়োজন নেই?

৪. কোন সিদ্দিকের কি এই বৈশিষ্ট্য হতে পারে যে, তিনি মানুষদেরকে জিহাদ থেকে বঞ্চিত রাখবেন? অথচ এটা তো মুনাফিকদের গুণ!

৫. জিহাদ কি (সিদ্দিক ও শহীদ) দু'টি গুণকে এক সাথে অর্জন করতে বাধা দেয়?

৬. হযরত আবু বকর (রাঃ) তিনি ছিলেন সিদ্দিকগণের প্রধান ও ইমাম। তিনি সততার দিক থেকে এই উম্মতের সকলের উপরে, এমনকি তাকে প্রকাশ্যে ছিদ্দিক উপাধি দেওয়া হয়েছে, তিনিও তো জিহাদের প্রতি অনেক আগ্রহী ছিলেন। তাঁর জীবনী বহু কুরবানী ও সাহসিকতায় পরিপূর্ণ। তিনি নাবী করিম ﷺ এর সাথে সকল জিহাদে শরীক হয়েছেন।

তুমি যদি সিদ্দিকগণের মর্যাদা পেতে চাও, তবে কেন তুমি হযরত আবু বকর (রাঃ)এর আদর্শের অনুসরণ কর না?

তুমি কি জানো, সিদ্দিকগণের মর্যাদা পাওয়ার অন্যতম রাস্তাটি হচ্ছে জিহাদ?

আল্লাহ তা'আলা ইরশাদ করেনঃ

إِنَّمَا الْمُؤْمِنُونَ الَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَرَسُولِهِ ثُمَّ لَمْ يَرْتَابُوا وَجَاهَدُوا بِأَمْوَالِهِمْ وَأَنْفُسِهِمْ فِي سَبِيلِ اللَّهِ أُولَئِكَ هُمُ الصَّادِقُونَ

"নিশ্চয় মুমিন তারা, যারা আল্লাহ ও রসূলের প্রতি ঈমান আনয়ন করে, অতপর তাতে কোন সন্দেহ করে না এবং তারা জান মাল দিয়ে আল্লাহ তা'আলার রাস্তায় জিহাদ করে। তারাই হচ্ছে সত্যবাদী (বা সিদ্দিকুন)।"

আল্লামা সাদি (রহঃ) বলেনঃ

> এখানে 'মুমিনগণ' বলে প্রকৃত মুমিনগণ বুঝানো হয়েছে।
>
> "নিশ্চয় মুমিন তারা, যারা আল্লাহ ও রসূলের প্রতি ঈমান আনয়ন করে অতপর তাতে কোন সন্দেহ করে না"-

অর্থাৎ যারা ঈমান ও জিহাদকে একত্রিত করে। কেননা যিনি কাফেরদের সাথে জিহাদ করেছেন, এটা তার অন্তরে পরিপূর্ণ ঈমান থাকার প্রমাণ। কেননা যে অন্যের বিরুদ্ধে ইসলামের জন্য, শরিয়ত প্রতিষ্ঠার জন্য জিহাদ করে, তার জন্য নিজের নফসের বিরুদ্ধে জিহাদ করা খুবই স্বাভাবিক।

যে জিহাদ করতে সমর্থ্য হয়নি, এটাই তার ঈমান দুর্বল হওয়ার দলীল।

আর আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা ঈমানের মধ্যে সন্দেহ না থাকাকে শর্ত করেছেন। কারণ প্রগাঢ় বিশ্বাসযুক্ত ঈমানই উপকারী ঈমান। সেই ঈমান এর নির্দেশ দেওয়া হয়েছে, যাতে কোন সন্দেহের অবকাশ থাকে না।

أُولَئِكَ هُمُ الصَّادِقُونَ (তারাই সত্যবাদী)- অর্থাৎ যারা সুন্দর আমলের মাধ্যমে ঈমানকে সত্যে পরিণত করেছেন। কেননা সততা এমন একটি দাবি, যার জন্য দাবিকারীকে প্রমাণ পেশ করতে হয়।

আর এটাই হচ্ছে ঈমানের সবচেয়ে বড় দাবি, যার উপর সৌভাগ্য-সফলতা নির্ভর করে।

অতএব যে এর দাবি করে এবং সাথে সাথে এর প্রমাণ স্বরূপ আমলের মাধ্যমে তা বাস্তবায়ন করে, সেই প্রকৃত মুমিন। আর যে এমনটি করে না, সে স্বীয় দাবিতে সত্যবাদী নয়। আর এই দাবি দ্বারা তার কোন উপকারও হবে না। কেননা অন্তরের ঈমানের অবস্থা আল্লাহ তা'আলা ব্যতিত কেউ জানেন না।

কারা এই উম্মতের শ্রেষ্ঠাংশ?

শাইখুল ইসলাম ইবনে তাইমিয়া (রহঃ) বলেনঃ

> এই উম্মতের শ্রেষ্ঠ তারা, যারা সবচেয়ে বেশি রসূল ﷺএর অনুসরণ করেছে। আর এটা তখনই সম্ভব, যখন ঈমানের সাথে জিহাদে শরীক হয়।
>
> যেমনিভাবে আল্লাহ তা'আলা ইরশাদ করেনঃ

إنما المؤمنون الذين آمنوا بالله ورسوله ثم لم يرتابوا

“নিশ্চয় মুমিন তারা, যারা আল্লাহ ও রসূলের প্রতি ঈমান আনয়ন করে, অতপর এতে কোন সন্দেহ পোষণ করে না”

শয়তানের আরেকটি ধোঁকা ও প্রবঞ্চনা এই যে, যারা আল্লাহ তা'আলার এই নির্দেশকে পরিত্যাগ করে এবং নিজ চিন্তা ও কল্পনার উপর নির্ভর করে দেশে বসে থাকে; জিহাদে বের হয় না, তারা অনেক সময় উভয় মর্যাদা হতেই বঞ্চিত হয়।

না শাহাদাতের মর্যাদা লাভ করে, না সিদ্দিকগণের মর্যাদা লাভ করে। শয়তান তাকে দু'টি ক্ষতির মধ্যে ফেলে দেয়।

অনেক শিক্ষার্থীকে জিহাদে বাধাদানকারী আশ্চর্য্য বিষয় হচ্ছে, সে বলে: নিশ্চয় উলামাদের মর্যাদা শহীদদের চেয়ে বেশী। এর উত্তরে বলব:

১. সাহাবাগণ কি এই যুক্তিতে জিহাদ ছেড়ে দিয়েছেন যে, উলামাদের মর্যাদা শহীদদের চেয়ে বেশি?!

২. কোন মুসলিমের, ইলমের ফজিলত ও জিহাদের ফজিলত উভয়টি অর্জন করতে কোন বাধা আছে কি? কেন সে উভয় ফজিলত অর্জন করে দু'টি মর্যাদা হাসিল করবে না?

৩. কোনো আলেমের বৈশিষ্ট্য কি এটা হতে পারে যে, সে জিহাদকে খাটো করে দেখবে, জিহাদের ব্যাপারে ধোঁকায় পড়ে থাকবে এবং উম্মতের পবিত্র ভূমি ও সম্ভ্রম প্রতিরক্ষার পথে প্রতিবন্ধক হয়ে দাঁড়াবে? নাকি সে ই সর্বপ্রথম আল্লাহ তা'আলার রাস্তায় জিহাদে বের হবে, পবিত্র ভূমি ও সম্ভ্রমের প্রতিরক্ষা করবে এবং নিজের জান মাল কুরবানী করে সকলের জন্য আদর্শ হয়ে থাকবে।

৪. সাহাবা ও তাবিয়ীদের মধ্যে আলেমগণ জিহাদের আগ্রহ রাখতেন এবং শাহাদাতের আশা পোষণ করতেন। কেউ সিরাতের কিতাবাদী অধ্যয়ন করলেই জানতে পারবে, খোলাফায়ে রাশেদীন ও আলেম সাহাবীগণের (রাঃ) সাহসিকতা ও কুরবানী কেমন ছিল।

৫. শয়তানের ধোঁকার মধ্যে একটি হল, অনেক সময় মুসলিমগণ জিহাদের নির্দেশ ত্যাগ করে আলেমের মর্যাদা হতেও বঞ্চিত হয়। তাহলে সে কোনটিই অর্জন করতে পারল না। শয়তান তার দু'টি ক্ষতি করল।

কেউ কি নিজেকে এমন ভাবতে পারে যে, সে হক্কানী আলেমের মর্যাদা অর্জন করেছে, তাই তার জিহাদে বের হওয়ার দরকার নেই ও শাহাদাতের মর্যাদা দরকার নেই।

কে হক্কানী আলেম?

ইমাম ইবনুল কায়্যিম (রহিঃ) বলেন,

فإن السلفَ مُجمِعُونَ على أن العَالِمَ لا يَستحِقُّ أن يُسمى ربَّانياً حتى يعرِفَ الحقَّ، ويعملَ به، ويُعَلِّمَه، فمَن علم وَعَمِلَ وعَلَّمَ فذاكَ يُدعى عظيماً في ملكوتِ السموات

> "পরবর্তী আলেমগণের এ ব্যাপারে ইজমা রয়েছে যে, কোন আলেমকে ততক্ষণ পর্যন্ত আলেমে রাব্বানি বলা হবে না, যতক্ষণ না সে হক জানে, তার উপর আমল করে এবং অন্যকে তা শিক্ষা দেয়। অতএব যে ইলম অর্জন করে নিজে এর উপর আমল করেছে ও অন্যকে শিক্ষা দিয়েছে, তিনিই সৃষ্টির কাছে মহান হিসাবে পরিচিত হন।।"

অনেকে হয়ত ভাবতে পারেন, আমরা ইলম অর্জন বাদ দেওয়ার কথা বলছি, আসলে তা নয়। আমরা ইলম ও জিহাদকে সমন্বয় করার কথা বলছি। আর এ বিষয়টি নিয়ে ইখতেলাফও রয়েছে যে, কোনটি উত্তম? জিহাদ না ইলম।

আমাদের উদ্দেশ্য হচ্ছে, কোন মুসলিম যেন জিহাদে শরীক হওয়া থেকে বঞ্চিত না হয়। বিশেষ করে যখন সে ইলম অর্জন করে ও অন্যকে শিক্ষা দেয়। ইলম কি জিহাদ ত্যাগের নির্দেশ দেয়? দুনিয়াকে আকড়ে ধরতে ও তার প্রতি আকৃষ্ট হতে শিক্ষা দেয়?

নাকি ইলম জিহাদের প্রতি আগ্রহ সৃষ্টি করে? আল্লাহ তা'আলার সঙ্গে সাক্ষাতের আকাঙ্খা সৃষ্টি করে এবং দুনিয়া বিমুখতা সৃষ্টি করে।

যারা রসূল ﷺএর জিহাদ সংক্রান্ত হাদিসগুলো অধ্যয়ন করেছে, যেগুলো বুখারী, মুসলিম ও অন্যান্য কিতাবে রয়েছে, তাদেরকে বলছি: সেগুলোর উপর আপনাদের আমল কেথায়? নাকি শুধু পড়ার জন্য; আমলের জন্য নয়?

রসূল ﷺ ছিলেন সকল আলেমগণের সর্দার ও প্রধান, তিনিও জিহাদে বের হতেন, শত্রুর বিরুদ্ধে লড়াই করতেন, তরবারী উঠাতেন; মসজিদে বসে মানুষদেরকে ইলম শিক্ষা দেওয়াকে যথেষ্ট মনে করেননি।

সাহাবীগণ (রাঃ) জিহাদ করা অবস্থায়ও ইলম অর্জন করতেন। অনেক মাসায়েল তারা জেনে নিতেন। অনেক আয়াত ও শরিয়তের বিধান জিহাদে থাকা অবস্থায় নাযিল হয়েছে।

কোন আলেম অথবা ছাত্র জিহাদের ময়দানে বের হয়ে ইলমি কিতাব ও রিবাতের বিষয়গুলো একে অন্যকে শিক্ষা দিতে কোন বাধা আছে কি? তারা তো দু'টি ইবাদত একসাথে করতে পারেন।

একজন ছাত্র ও জিহাদের মাঝে কোন দন্দ্ব আছে কি? জিহাদ তো কোন মুজাহিদকে ইলম অর্জন করতে বাধা দেয় না বা অন্যকে শিক্ষা দিতেও বাধা দেয় না। এমনিভাবে ইলম অর্জনও জিহাদ ও রিবাতকে বাধা দেয় না। আমাদের পূর্ববর্তী নেককারগণ চমৎকার দৃষ্টান্ত পেশ করে গেছেন ইলম ও জিহাদের সমন্বয় সম্পর্কে।

যেমন ইমাম ও মুজাহিদ হযরত আব্দুল্লাহ ইবনুল মুবারক রাহিমাহুল্লাহ। তিনি ইলম শিক্ষা দিতেন ও হাদীসের দরস দিতেন জিহাদ ও রিবাতের ময়দানে থাকা অবস্থায়।

হে শিক্ষার্থী! জেনে রেখ, অনেক মুখস্ত করা, অনেক কিতাব পড়া, অনেক মাসায়েল জানা ও অনেক সংকলন করার মাঝেই শুধু কল্যাণ রয়েছে এমন নয়। বরং তুমি যা জেনেছো, তার উপর আমল করাই হচ্ছে মূল কল্যাণ। এটাই বান্দাকে আল্লাহ তা'আলার নিকট উচ্চ মর্যাদা সম্পন্ন করে।

সাহাবি আবদুল্লাহ ইবনে মাসউদ (রাঃ) বলেন,

(يَرْفَعِ اللَّهُ الَّذِينَ آمَنُوا مِنْكُمْ وَالَّذِينَ أُوتُوا الْعِلْمَ دَرَجَاتٍ) مدح الله العلماء في هذه الآية. والمعنى أنه يرفع الله الذين أوتوا العلم على الذين آمنوا و لم يؤتوا العلم {دَرَجَاتٍ} أي درجات في دينهم

> "তোমাদের মধ্যে যারা ঈমান এনেছে এবং যাদেরকে ইলম দেওয়া হয়েছে, আল্লাহ তাদের মর্যাদা অনেক স্তর উন্নত করবেন।"
>
> এই আয়াতে আল্লাহ তা'আলা আলেমদের প্রশংসা করেছেন। আয়াতটির উদ্দেশ্য হল: আল্লাহ তা'আলা যাদেরকে ইলম দিয়েছেন, তাদের মর্যাদা ঐ সকল ঈমানদারদের উপর উন্নত করেছেন, যাদেরকে ইলম দেওয়া হয়নি। অর্থাৎ দ্বীনি মর্যাদা। **যদি তারা আমল করে নির্দেশ অনুযায়ী।**

শয়তানের আরেকটি ধোঁকা ও প্রবঞ্চনা হচ্ছে, অনেক শিক্ষার্থী বলে: এখন জিহাদে বের হয়ো না, আগে ইলমের ক্ষেত্রে দৃঢ়তা অর্জন করো।

এর জবাবে আমি বলবঃ

১ সাহাবাগণ (রাঃ) কি জিহাদ ছেড়েছেন বা বিলম্ব করেছেন এই দোহাই দিয়ে যে, তারা ইলমে পরিপূর্ণ হননি?

২ তুমি কি জানো? যখনই তুমি বিলম্ব করতে থাকবে, তোমার বয়স বাড়তে থাকবে, তোমার জিহাদী মনোভাব দূর্বল হতে থাকবে।

তোমার শরীর ভারী হয়ে যাবে, ব্যস্ততা বেড়ে যাবে, দায়িত্ব বেড়ে যাবে, নিজ ভূমিতে থেকে যাওয়াকে পছন্দ করবে, জিহাদে অলসতা আসবে?!! তাই সতর্ক হও।

৩ আল্লাহ তা'আলা বলেনঃ

> وَاعْلَمُوا أَنَّ اللهَ يَحُولُ بَيْنَ الْمَرْءِ وَقَلْبِهِ
>
> *"জেনে রাখো, নিশ্চয় আল্লাহ তা'আলা বান্দার মাঝে ও তার অন্তরের মাঝে প্রতিবন্ধক হয়ে দাড়ান।"*

আল্লামা সাদি (রহিঃ) বলেন,

> আল্লাহর নির্দেশ যখন প্রথমবার তোমার নিকট আসে, তখন তুমি তা ফিরিয়ে দেওয়া হতে নিজেকে বাঁচাও। কারণ হতে পারে তোমার অন্তরের অবস্থার পরিবর্তিত হয়ে যাবে।

কেননা আল্লাহ তা'আলা বান্দার অন্তরকে তিনি যেভাবে ইচ্ছা করেন, সেভাবেই পরিবর্তন করেন। তাই প্রত্যেকের এই দোয়া বেশি পড়া উচিৎ-

يا مقلب القلوب ثبت قلبي على دينك، يا مصرف القلوب، اصرف قلبي إلى طاعتك.اهـــ

"হে অন্তর পরিবর্তনকারী! আমার অন্তরকে তোমার দ্বীনের উপর অটল রাখ। হে অন্তর রুপান্তরকারী! আমার অন্তরকে তোমার আনুগত্যের দিকে ফিরাও।"

৪ অগ্রসর হও বিলম্ব করো না-

হজরত আবু সাঈদ (রাঃ) হতে বর্ণিত, **রসূলুল্লাহ ﷺ যখন কোন সাহাবীকে পিছিয়ে থাকতে দেখতেন, তখন বলতেন-**

تقدموا فأتموا بي وليأتم بكم من بعدكم لا يزال قوم يتأخرون حتى يؤخرهم الله

"তোমরা সামনে অগ্রসর হও, অত:পর আমার অনুসরণ করো। আর তোমাদের পরবর্তীরা যেন তোমাদের অনুসরণ করে। একটি দল সর্বদা পিছিয়ে থাকে, ফলে আল্লাহও তাদেরকে পিছিয়ে দেন।" (মুসলিম)

শায়খ ইবনে উসাইমিন বলেন,

"তাই প্রত্যেকের উচিৎ ভালো কাজে বিলম্ব না করা। বরং অগ্রসর হওয়া। যখনই কোন ভালো কাজের রাস্তা খুলে যায়, তখন তা দ্রুত করা।

আল্লাহ তা'আলা ইরশাদ করেন,

فَاسْتَبِقُوا الْخَيْرَاتِ

"তোমরা ভালো কাজে প্রতিযোগিতা কর"

যখন কোন ব্যক্তির জন্য ভালো কাজের রাস্তা খুলে যায়, কিন্তু সে প্রথমবারই তার দিকে দ্রুত অগ্রসর হয় না, তখন আল্লাহ তা'আলা তাকে পিছিয়ে দেন।"

তাই গুরুত্বপূর্ণ বিষয় হল: প্রত্যেক জ্ঞানী ও সচেতেন মুমিনের উচিৎ ভালো কাজের সুযোগ নষ্ট না করা এবং প্রত্যেক ভালো কাজে অংশ নেওয়ার আশা ও চেষ্টা করা।

আরেকটি আশ্চর্য বাধাদানকারী বিষয় হচ্ছে, অনেক মানুষ, যখন কেউ জিহাদে বের হতে চায় তখন নাবী ﷺ এর একটি হাদিস দিয়ে দলিল পেশ করে, **নাবী ﷺ ইরাশাদ করেন:**

"যে ব্যক্তি আল্লাহ তা'আলার নিকট সত্য দিলে শাহাদাত কামনা করে আল্লাহ তা'আলা তাকে শাহাদাতের মর্যাদায় পৌঁছে দেন, যদিও সে নিজ বিছানায় মৃত্যু বরণ করে।" (মুসলিম)

এই সংশয়ের জবাবের জন্য ভালোভাবে এই হাদিসের ব্যাখ্যায় মনোযোগ দিন-

ইবনুল কায়্যিম (রহিঃ) বলেন,

واذا اردت فهم هذا فتأمل قول النبي من سأل الله الشهادة صادقا من قلبه بلغه الله منازل الشهداء وان مات على فراشه ولا ريب أن ما حصل للمقتول في سبيل الله من ثواب الشهادة تزيد كيفيته وصفاته على ما حصل لناوي ذلك اذا مات على فراشه وان بلغ منزلة الشهيد فها هنا أجران أجر وقرب فان استويا فى اصل الاجر لكن الاعمال التى قام بها العامل تقتضى أثرا زائدا وقربا خاصا وهو فضل الله يؤتيه من يشاء .انتهى

"তুমি এ বিষয়টি বুঝতে চাইলে নাবি ﷺ এর এই কথাটি গবেষণা করে দেখ:

"যে সত্য দিলে শাহাদাত চায় আল্লাহ তা'আলা তাকে শহীদগণের মর্যাদায় পৌছিয়ে দেন, যদিও সে নিজ বিছানায় মৃত্যু বরণ করে।"

এতে সন্দেহ নেই যে, আল্লাহর রাস্তায় নিহত ব্যক্তির সওয়াবের পরিমাণ ও বৈশিষ্ট্য ঐ ব্যক্তির চেয়ে বেশি হবে, যিনি শুধু নিয়ত করেছেন আর বিছানায় মৃত্যু বরণ করেছেন। যদিও তিনি শাহাদাতের মর্যাদায় পৌঁছবেন।

দু'টি পুরস্কার: একটি হল বিনিময়, আরেকটি হল নৈকট্য প্রাপ্তি। তাই মূল বিনিময়ের ক্ষেত্রে যদিও উভয়ে সমান, কিন্তু আমলকারীর আমল অবশ্যই অতিরিক্ত প্রতিফল ও বিশেষ নৈকট্যের দাবি করে। আর এটা আল্লাহ তা'আলার অনুগ্রহ, তিনি যাকে ইচ্ছা তা দান করেন।"

কিভাবে শাহাদাতের আকাঙ্খা সত্য বলে প্রমাণিত হবে?

নিশ্চয়ই, শাহাদাতের আকাঙ্খা তখনই সত্য বলে প্রমাণিত হবে, যখন কেউ এর জন্য চেষ্টা করতে থাকবে, ভালোভাবে অনুসন্ধান করবে কোথায় এটা পাওয়া যায়।

যেমন কোনো ব্যক্তি বিয়ের উদ্দেশ্যে পাত্রী খুজতে থাকে, পাত্রী পাওয়ার জন্য। আর আল্লাহ সুবহানাহু ওয়া তা'আলা গোপনীয় বিষয় ভালোভাবে জানেন।

শাহাদাতের আকাঙ্খা সততা প্রসঙ্গে একটি বাস্তব উদাহরণঃ

ইমাম ইবনে কাসির (রহিঃ) বলেনঃ

عن أمير الجيوش ومقدم العساكر وحامي حوزة الإسلام وسيف الله المسلول على أعدائه أبي سليمان خالد بن الوليد رضي الله عنه، أنه قال:–وهو في سياق الموت: لقد شهدت كذا وكذا موقفاً وما من عضو من أعضائي إلا وفيه رمية أو طعنة أو ضربة وها أنا ذا أموت على فراشي كما يموت العير!! فلا نامت أعين الجبناء

“বহু সৈন্যদলের প্রধান, বহু সেনাবাহিনীর অগ্রসেনা, ইসলামী ভূমির অতন্দ্রপ্রহরী, শত্রুর বিরুদ্ধে আল্লাহর উম্মুক্ত তরবারী আবু সুলাইমান খালিদ ইবনুল ওয়ালিদ রা: হতে বর্ণিত, তিনি তার মৃত্যুর পূর্বক্ষণে বলেন:

আমি এত এত যুদ্ধে অংশগ্রহণ করলাম! আমার এমন কোন অঙ্গ নেই, যাতে তীর, বর্ষা বা তরবারীর আঘাত নেই! কিন্তু হায়! আজ আমি নিজ বিছানায় মৃত্যু বরণ করছি, যেভাবে গাধার দল মৃত্যুবরণ করে!! তাই কাপুরুষদের চক্ষুগুলো যেন নিদ্রা না যায়!”

অর্থাৎ তিনি এই জন্য অস্থির যে, তিনি কোন যুদ্ধে নিহত হন নি। আফসোস ও দুঃখ প্রকাশ করলেন নিজ বিছানায় ইন্তেকাল করছেন, এই ব্যাথায়।

একটি অসাধারন প্রশ্নঃ

হে ভাই! যে তোমাকে জিহাদ থেকে ফিরিয়ে রাখছে, যদি কোন খ্রিষ্টান কারাগারে তার সম্মান লুণ্ঠিত হত, তাহলে কি সে এ অবস্থায় তোমাকে জিহাদ থেকে ফিরিয়ে রাখতো?

অথবা যদি কেউ নিজ দেশে জিহাদরত থাকে, তাহলে কি সে এ অবস্থায় তোমাকে জিহাদ থেকে ফিরিয়ে রাখবে?

অথচ জিহাদ থেকে বাধাদানকারী আরেকটি বিষয় রয়েছে: অনেকে বলে: তুমি তার সাথে জিহাদে বের হয়ো না, কারণ সে তো তোমার দেশের লোক নয়!

এর জবাবে বলা যায়ঃ

১। তুমি কি এই আয়াত জান না-

إِنَّمَا الْمُؤْمِنُونَ إِخْوَةٌ

“নিশ্চয়ই সকল মুমিন পরস্পর ভাই ভাই।”

আল্লামা সাদী বলেন,

“অর্থাৎ হকের জন্য পরস্পরকে সহায়তা করা, মুসলমানদের মাঝে দৃঢ় সম্পর্ক স্থাপন করা এবং বিচ্ছিন্ন না হওয়ার ক্ষেত্রে।”

২। তুমি কি এই হাদিস জান না-

الْمُسْلِمِ أَخُو الْمُسْلِمِ لَا يَظْلِمهُ وَلَا يَخْذُلهُ وَلَا يَحْقِرهُ

“এক মুসলিম অন্য মুসলিমের ভাই। সে তার উপর যুলুম করবে না, তাকে বঞ্চিত করবে না, তাকে হেয় করবে না।” (মুসলিম)

তাকে বঞ্চিত করার অর্থ হল সে জালিমের বিরুদ্ধে প্রতিরোধ লড়াইয়ে সাহায্য চাইলে সাহায্য না করা। তাই তখন তাকে সর্বসাধ্য সাহায্য করা আবশ্যক।

৩। শাইখুল ইসলাম ইমাম ইবনে তাইমিয়া রহঃ বলেনঃ

وإذا دخل العدو بلاد الإسلام فلا ريب أنه يجب دفعه على الأقرب فالأقرب إذ بلاد الإسلام **كلها بمنزلة البلدة الواحدة**، وأنه يجب النفير إليه بلا إذن والد ولا غريم

> "যখন কোন মুসলিম দেশে শত্রুরা প্রবেশ করে, তখন কোন সন্দেহ নেই যে, তাদেরকে প্রতিহত করা সর্বাধিক নিকটবর্তীদের উপর ওয়াজিব। অত:পর পরবর্তী নিকটবর্তীদের উপর ধারাবাহিকভাবে ওয়াজিব হতে থাকবে। কারণ সকল মুসলিম দেশগুলো একটি দেশের হুকুমে।
>
> আর পিতা বা পাওনাদারের অনুমতি ব্যতিতই তাদের বিরুদ্ধে লড়াইয়ে বের হয়ে যাওয়া ওয়াজিব।"

৪। এই দেশকেন্দ্রিক চিন্তাধারা কাফেরদের থেকে মুসলিমদের মাঝে অনুপ্রবেশ করেছে। এ ধরনের দাবির ব্যাপারে আল্লাহ তা'আলা কোন প্রমাণ নাযিল করেননি।

কাফেররা চায়, ইসলামী সমাজকে ছিন্ন ভিন্ন করতে যা, ইসলামী শিক্ষার পরিপন্থি এবং ধর্মীয় ভ্রাতৃত্বের সম্পর্ক ছিন্ন করে দেয়। এ ধরনের কথা কোনো মুসলিম চিন্তা করতে পারে না।

শুধুমাত্র এমন ব্যক্তিই চিন্তা করতে পারে, যে নিজ দেশে অবস্থান করে বিশ্বের অন্যান্য মুসলিমদের থেকে সম্পর্ক ছিন্ন করে আছে।

এমন কথা কোন ব্যক্তি তখনই বলতে পারে, যখন সে আল্লাহ ও আখিরাতের প্রতি ঈমান রাখবে না!!?

চেতনাহীন হয়ো না:

আফসোস লাগে ঐসকল আহলে ইলমদের জন্য, যারা শুধু কিতাব সংকলন, কবিতার ব্যখ্যা করা ও মতন মুখস্থ করা নিয়ে ব্যস্ত থাকে। কিন্তু মুসলিমদের দূরাবস্থা, তাদের দুর্দশা, বন্দীত্ব, সম্ভ্রমহানী, নির্বাসন ও ব্যাপক হত্যাযজ্ঞের বিষয়ে কোন চিন্তাভাবনা করে না।

এ সকল বিষয়ে তারা না কোন চিন্তা করে, না কোন গুরুত্ব দেয়। আর তাদের মুক্তির জন্য চেষ্টা ও সহযোগিতা করা তো আরো দুরের বিষয়! বরং তুমি লক্ষ্য করলে দেখবে, তার মধ্যে এমন কোন উচ্চ চিন্তা-ভাবনাই নেই যে, মুসলমানদের ইজ্জত, সম্মান রক্ষা করার জন্য জান-মাল ব্যয় করবে। লা হাওলা ওয়ালা কুওয়াতা ইল্লা বিল্লাহ।

শাইখুল ইসলাম ইমাম ইবনে তাইমিয়া (রহঃ) বলেন,

يجب جهاد الكفار واستنقاذ ما بأيديهم من بلاد المسلمين وأسراهم

"মুসলিমদের কেউ কাফেরদের হাতে বন্দি থাকলে তাকে মুক্ত করতে জিহাদ ওয়াজিব।"

সকল মুসলমানদেরকে কাফেরদের বিরুদ্ধে ঐক্যবদ্ধ হতে হবে। আল্লাহ ও তার রসূল ﷺএর আনুগত্য করতে সকলকে ঐক্যবদ্ধ হয়ে জিহাদ করতে হবে।

যখন হযরত আবু বকর (রাঃ) এর মৃত্যুক্ষণ উপস্থিত হল, তখন তিনি হযরত উমর (রাঃ) কে বললেন: আমাকে নিয়ে কোনো ব্যস্ততা যেন তোমাদেরকে শত্রুর বিরুদ্ধে জিহাদ করা হতে বিরত না রাখে।

সাহাবাগণ শত্রুদের নিয়ে ব্যস্ত থাকতেন। নিজেদের চিন্তা করতেন না। রসূল ﷺ মৃত্যু ব্যাধিতে আক্রান্ত হয়েও বলেছিলেন: উসামার দলকে তৈরী কর, তাদেরকে পাঠাও, উসামার বাহিনীকে পাঠাও। এমন কঠিন বিপদেও তিনি শত্রুর বিরুদ্ধে জিহাদ স্থগিত রাখতে পারেননি। তেমনি আবু বকর (রাঃ)ও।

মুসলমানদের উপর কমপক্ষে বছরে একবার জিহাদে বের হওয়া ওয়াজিব। যদি তাদের অধিকাংশ লোক তা ছেড়ে দেয়, তাহলে তারা আল্লাহ ও তার রসূল ﷺএর অবাধ্য এবং শাস্তির যোগ্য বলে বিবেচিত হবে। তেমনিভাবে যদি শত্রুরা মুসলমানদের ভূমিতে পা রাখে।

আপনি জানেন কি, যদিও আপনি ইলম, ফিকহ, ইবাদতে অনেক এগিয়ে গেছেন, কিন্তু আপনি যদি মুসলিমদের অবস্থা নিয়ে চিন্তা ভাবনা না করেন, তাদের চিন্তায় চিন্তিত না হন, তাদের খুশিতে খুশি না হন-তাহলে শরিয়তের মানদন্ডে আপনি দূর্বল ঈমানদার।

কেননা ঈমানের হাকিকত ও পরিপূর্ণতা আপনার নিকট পৌঁছেনি!

এর দলিলঃ

আনাস বিন মালেক (রাঃ), যিনি রসূল ﷺএর খাদেম ছিলেন তিনি বলেন, নাবী ﷺ ইরশাদ করেন,

> "তোমাদের কেউ ততক্ষণ পর্যন্ত পরিপূর্ণ ঈমানদার হতে পারবে না, যতক্ষণ পর্যন্ত সে অন্যের জন্যও তাই পছন্দ না করে, যা নিজের জন্য পছন্দ করে।" (বুখারী, মুসলিম)

শায়খ ইবনে উসাইমিন (রহিঃ) বলেন,

> "এটা হচ্ছে কল্যাণ কামনা। তুমি তোমার ভাইদের জন্যও তা ই পছন্দ করবে, যা তুমি নিজের জন্য পছন্দ কর। ফলে তাদের পেরেশানীতে পেরেশান হবে এবং তাদের সাথে সেভাবে মুয়ামালা করবে, যেভাবে তুমি তোমার নিজের সাথে মুআমালা করা পছন্দ কর। আর এ বিষয়টি অনেক প্রশস্ত।
>
> নাবী কারিম ﷺ তার ঈমানকে অপরিপূর্ণ বলেছেন, যে তার ভাইয়ের জন্যও তাই পছন্দ না করে, যা নিজের জন্য পছন্দ করে। উলামাগণ বলেন: ঈমান না থাকার অর্থ হল পরিপূর্ণ ঈমান না থাকা।

> অর্থাৎ যতক্ষণ পর্যন্ত তুমি নিজের জন্য যা পছন্দ করো, তোমার ভাইয়ের জন্যও তাই পছন্দ না করো, ততক্ষণ পর্যন্ত তোমার ঈমান পূর্ণাঙ্গ ঈমান হবে না। একেবারে ঈমানই থাকবে না, এমনটা উদ্দেশ্য নয়।"

ঈমানদার হবে না অর্থ পরিপূর্ণ ঈমানদার হবে না। ঈমানই থাকবে না এমন অর্থ নয়।

আমাদের কর্তব্য হল, উম্মাহর দু:খ দুর্দশা দূর করার জন্য কাজ করা। আর যদি নিজের মনের ভিতর এমন চেতনাই না পাওয়া যায়, তাহলে এটাই অন্তর রোগাক্রান্ত হওয়া ও ঈমান দুর্বল হওয়ার প্রমাণ। এর সমর্থনে কতইনা উত্তম ও সঠিক দলিল এটি-

"যে ব্যক্তি মুসলিমদের বিষয়ে চিন্তিত হয় না, সে আমাদের দলভূক্ত নয়।"

কুরআনে মুনাফিকদের বৈশিষ্ট্যাবলী:

১) ঘরে অবস্থানকারী নারীদের সাথে অবস্থান করতে পছন্দ করা।

আল্লাহ তা'আলা ইরশাদ করেনঃ

> *"তারা ঘরে বসে থাকা নারীদের সাথে থাকতে পছন্দ করল। তাদের অন্তরে সীল মেরে দেওয়া হয়েছে। তাই তারা বুঝে না।"*

ইমাম ইবনে কাসির (রহিঃ) বলেন,

> "যারা জিহাদ হতে পিছিয়ে থাকে, সামর্থ্য ও সচ্ছলতা থাকা সত্ত্বেও তা থেকে পলায়ন করে এবং রসূলের কাছে বসে থাকার জন্য অনুমতি চায়, তাদের নিন্দা করে আল্লাহ তা'আলা বলেন:
>
> *"এবং তারা (মুনাফিকরা) বলে: আমাদেরকে উপবিষ্টদের সাথে থাকতে দাও।"*

তারা নির্লজ্জভাবে নারীদের সাথে ঘরে বসে থাকতে পছন্দ করল। অথচ মুজাহিদ বাহিনী অভিযানে বের হয়ে যাওয়ার পর নারীরাই ঘরে অবশিষ্ট থাকে।

যখন যুদ্ধ লেগে যায় তখন তারা হয়ে যায় মানুষের মধ্যে সবচেয়ে কাপুরুষ। আর যখন নিরাপদ অবস্থা চলে আসে, তখন তারাই মানুষের মধ্য সবচেয়ে বেশি কথা বলে। তাদের সম্পর্কে আল্লাহ তা'আলা অন্য আয়াতে বলেনঃ

"অতঃপর যখন ভয়ের অবস্থা আসে, তখন (হে নাবী) তুমি তাদেরকে দেখবে, তারা মৃত্যুভয়ে মূর্ছিত ব্যক্তির ন্যায় তোমার দিকে চোখ ঘুরিয়ে দেখছে। আর যখন ভয় কেটে যায় তখন তারা ধারালো জিহ্বা দিয়ে তোমাদেরকে বিদ্ধ করে।"

অর্থাৎ নিরাপদ অবস্থায় তারা চাতুর্যপূর্ণ কথা উচ্চস্বরে বলে।

যেমন কবি বলেন:

তুমি কি শান্তির সময় লজ্জা দেওয়া, বর্বরতা ও কঠোরতায় পারদর্শী? * আর যুদ্ধের সময় পর্দারনশীন নারীদের মত?

"তাদের অন্তরে সীল মেরে দেওয়া হয়" অর্থাৎ জিহাদ থেকে পলায়ন করা এবং রসূল ﷺএর সাথে আল্লাহ তা'আলার পথে জিহাদ না করার কারণে।

"তারা বুঝে না" অথাৎ কোন জিনিসে তাদের কল্যাণ রয়েছে, যা করতে হবে এবং কোন জিনিসে তাদের ক্ষতি রয়েছে, যা থেকে বেচে থাকতে হবে, তারা তা বুঝে না।

২) শুধু সংবাদ শোনাকেই যথেষ্ট মনে করো না:

আল্লাহ তা'আলা বলেন:

"মুনাফিকগণ ধারনা করে, সৈন্যদল চলে যায়নি। আর যদি সৈন্যদল চলে আসে, তাহলে তারা কামনা করবে, তারা যদি গ্রামবাসীদের মধ্যে থেকে শুধু তোমাদের খোজ খবর নিতে থাকতো!

আর যদি তারা তোমাদের সাথে থাকতও, তবে খুব কমই যুদ্ধ করত।

ইমাম ইবনে কাসির (রহিঃ) বলেন:

> "এটিও তাদের একটি মন্দ গুণ, তথা ভয় ও কাপুরুষতা। তারা ধারনা করে সৈন্যদল চলে যায়নি; বরং নিকটেই আছে এবং তারা ফিরে আসবে। আর যদি বাহিনী ফিরে আসে, তবে তারা কামনা করবে, গ্রামবাসীদের মধ্যে থেকে শুধু তোমাদের খোজ খবর নিতে।
>
> অর্থাৎ সৈন্যবাহিনী আসলে তারা চাইবে তোমাদের সঙ্গে শহরে অবস্থান না করে গ্রামে থাকতে। সেখান থেকে তোমাদের খোজ খবর নিবে এবং শত্রুদের সাথে তোমাদের কি হয়েছে, তা জানবে।
>
> আর যদি তোমাদের সাথে থাকতও, তবে খুব কমই যুদ্ধ করত। তাদের কাপুরুষতা, হীনমন্যতা ও বিশ্বাসের দুর্বলতার কারণে।"

৩ আল্লাহ তা'আলা তাদের বের হওয়া অপছন্দ করেন:

আল্লাহ তা'আলা ইরশাদ করেনঃ

"যদি তারা বের হওয়ার ইচ্ছা পোষন করত, তবে তারা এর জন্য প্রস্তুতি নিত। কিন্তু আল্লাহ তা'আলা তাদের বের হওয়াকে অপছন্দ করেন। তাই তাদেরকে বঞ্চিত রাখলেন এবং বলা হল- তোমরা উপবিষ্টদের সাথে বসে থাকো।

যদি তারা তোমাদের সাথে বের হত, তবে শুধু বিভ্রান্তিই বৃদ্ধি করত! তোমাদের মধ্যে ফাসাদ সৃষ্টি করার উদ্দেশ্যে দৌড়াদৌড়ি করত। আর তোমাদের মধ্যে তাদের কিছু গুপ্তচর রয়েছে। আল্লাহ তা'আলা যালিমদের সম্বন্ধে খুব অবগত আছেন।"

আল্লামা আস সাদী (রহিঃ) বলেনঃ

> "আল্লাহ তা'আলা স্পষ্ট করে বর্ণনা করলেন যে, পিছনে থেকে যাওয়া মুনাফিকগণ হতে এমন কিছু আলামত প্রকাশিত হয়েছে, যা প্রমাণ করে যে, তারা জিহাদে বের হওয়ার জন্য নিয়তই করেনি।
>
> আর তারা যে সকল উযর পেশ করেছে তা অগ্রহণযোগ্য। কারণ গ্রহণযোগ্য ওযর হল, বান্দা নিজ সামর্থ্য ব্যয় করার পর এবং বের হওয়ার সকল উপায় অবলম্বন করার পরও যদি কোন শরয়ী বাধা তাকে বাধা দিয়ে রাখত, তবে এটাই হল গ্রহণযোগ্য উযর।"

